

# যুগান্তর

প্রিন্ট: ১৭ ডিসেম্বর ২০২৫, ০১:৫৮ এএম

জাতীয়

## এনরোলমেন্ট কমিটির সদস্য ব্যারিস্টার কাজল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ সেপ্টেম্বর ২০২৪, ০৪:০৭ পিএম



ব্যারিস্টার কাজল

বাংলাদেশ বার কাউন্সিলের অধীনে আইনজীবী তালিকাভুক্তি পরীক্ষার বিষয়ে গঠিত ‘এনরোলমেন্ট কমিটির’ সদস্য মনোনীত হয়েছেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। মঙ্গলবার বার কাউন্সিল ভবনে আয়োজিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় উপস্থিত ছিলেন অ্যাটর্নি জেনারেল ও পদাধিকারবলে বার কাউন্সিলের চেয়ারম্যান মো. আসাদুজ্জামান। এছাড়া নির্বাচিত সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন— অ্যাডভোকেট জয়নুল আবেদীন, ব্যারিস্টার এএম মাহবুব উদ্দীন খোকন, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল প্রমুখ।

সভায় আওয়ামী লীগ সমর্থিত নির্বাচিত ১০ প্রার্থীর কেউই উপস্থিত ছিলেন না।

ওই সভায় বার কাউন্সিলের ভবন নির্মাণে অনিয়ম-দুর্নীতিসহ সার্বিক একটা পর্যালোচনা/নিরীক্ষণ কমিটি হয়েছে। জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন, রাগীব রউফ চৌধুরী, শিশির মনিরসহ কয়েকজনকে ওই কমিটির দায়িত্ব দেওয়া হয়েছে।

একইসঙ্গে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সম্পাদক ও জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলকে এনরোলমেন্ট কমিটির সদস্য মনোনীত করা হয়েছে।

ব্যারিস্টার কাজল সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক। তিনি বিএনপিপন্থি আইনজীবী হিসেবে পরিচিত।